

প্রশ্ন ফাঁসের অভিযোগ ফল বাতিলের দাবি অভিভাবক শিক্ষার্থী ও বিভিন্ন সংগঠনের

যুগান্তর রিপোর্ট

মেডিকেল ও ডেন্টাল কলেজে সমন্বিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে দাবি করে অবিলম্বে ঘোষিত ফল বাতিল করে পুনরায় পরীক্ষা নেয়ার দাবি জানিয়েছে বিএনপি, ছাত্র ইউনিয়ন ও অভিভাবক ফোরাম। একই দাবিতে রোববার দেশভূমি বিক্ষোভ মিছিল, মানববন্ধন, স্মারকলিপি পেশ, সংবাদ সম্মেলন ও অবস্থান কর্মসূচি পালন করেছে মেডিকেল ভর্তি পরীক্ষায় অংশ নেয়া শিক্ষার্থীরা। মেডিকেল ভর্তি পরীক্ষার দু'দিন আগে থেকে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠে। পৃথক দুটি অভিযানে প্রশ্নপত্র, উত্তরপত্র, নগদ টাকা ও ফোটি টাকার ব্যাংকের চেক জব্দ করে রাখা। এছাড়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন সহকারী পরিচালকসহ ৮ জনকে আটক করা হয়।

ফল বাতিলের দাবি বিএনপি : ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে দাবি করে অবিলম্বে ঘোষিত ফল বাতিলের দাবি জানিয়েছে বিএনপি। রোববার এক সংবাদ সম্মেলনে দলের মুখপাত্র ড. আসাদুজ্জামান রিপন এ দাবি জানান। পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের আন্দোলনের প্রতিও নৈতিক সমর্থন জানিয়ে রিপন বলেন, আমরা মনে দাবি : পৃষ্ঠা ১৯ : কলাম ৮

দাবি : ফল বাতিলের

(শেষ পৃষ্ঠার পর)

করি, তাদের আন্দোলন ন্যায়সঙ্গত। এ আন্দোলনের প্রতি বিএনপির নৈতিক সমর্থন থাকবে। তিনি বলেন, মেডিকেল ও ডেন্টাল কলেজের অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এটা একটি ভাল পরীক্ষা ছিল, স্বাস্থ্য অধিদপ্তর যে ফল ঘোষণা করেছে, তা অবশ্যই বাতিল করতে হবে। আমাদের দল নতুন করে মেডিকেলের ভর্তি পরীক্ষা নেয়া ও প্রশ্ন ফাঁস বন্ধে কঠোর পদক্ষেপ নিতে সরকারের কাছে দাবি জানাচ্ছে।

নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এ সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নেতা খায়রুল কবীর নোকন, আবদুস সালাম আজাদ, আসাদুল করীম শাহিন, অস ও সহযোগী সংগঠনের নুরী আরা সাফা, বিলকিস জাহান শিরিন, তরুণী হোসেন জসিম।

শান্তির দাবি ছাত্র ইউনিয়নের : মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় তীব্র নিদা ও ক্ষোভ প্রকাশ করে এর সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছে ছাত্র ইউনিয়ন। রোববার সংগঠনটির সভাপতি লাকী আজার ও সাধারণ সম্পাদক জিলানী গুড এক বিবৃতিতে এ দাবি করেন।

বিচার বিভাগীয় উদ্বৃত্ত দাবি : ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তুলে ঘোষিত ফল অবিলম্বে বাতিলের দাবি জানিয়েছে অভিভাবকদের সংগঠন অভিভাবক একাফোরাম। পাশাপাশি ফোরামের পক্ষ থেকে প্রশ্ন ফাঁসের বিষয়ে বিচার বিভাগীয় তদন্তেরও দাবি জানানো হয়। রোববার ফোরামের সভাপতি জিয়াউল কবির দুলু স্বাক্ষরিত বিবৃতিতে এ দাবি জানানো হয়।

ফের পরীক্ষা নেয়ার আহ্বান : ভর্তি পরীক্ষার ফল বাতিল করে পুনরায় পরীক্ষা নেয়ার আহ্বান জানিয়েছে মেডিকেল ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। রোববার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানায়। এ সময় তারা স্বাস্থ্য মন্ত্রণালয় ঘেরাও করার ঘোষণা দেয়। এ সময় তারা ফাঁসকৃত প্রশ্নে মেডিকেল ভর্তি পরীক্ষা বতিল, প্রকাশিত ফল বাতিল এবং নতুন প্রশ্নপত্র দিয়ে মেডিকেল ভর্তি পরীক্ষার আয়োজনের দাবি জানান। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন মেডিকলে ভর্তিচ্ছু শিক্ষার্থী তানভির হাসান, হাশিমুর রহমান, হামমা জাহান ও তাজিল হক প্রমুখ। এর আগে জাতীয় প্রেস ক্লাবের সামনে একই দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে মেডিকেল ভর্তিচ্ছু শিক্ষার্থীরা।

দেশভূমি বিক্ষোভ : যুগান্তর রাজশাহী, বরিশাল ও সিলেট ব্যুরো জানায়, মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষা বাতিল এবং পুনরায় পরীক্ষার দাবিতে বৃষ্টিকে উপেক্ষা করে মানববন্ধন, বিক্ষোভ স্মারকলিপি প্রদানসহ বিভিন্ন কর্মসূচি পালন করেছে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। এসব কর্মসূচিতে বিভিন্ন রোগান সংবলিত প্লাকার্ড নিয়ে অংশ নেয় শিক্ষার্থীরা।